DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:24 AM

আন্তর্জাতিক

# আফগানিস্তানে আকস্মিক বন্যায় ২০ জনের নিহত

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬, ১০:৫৫ AM



নুরিস্তানের প্রধান শহর পারুনে হঠাৎ বন্যার পানি ঢুকে পড়ে। ছবি: সংগৃহীত

মৌসুমি বৃষ্টির কারণে সৃষ্ট আকস্মিক বন্যায় আফগানিস্তানের পূর্বাঞ্চলীয় নুরিস্তান প্রদেশে অন্তত ২০ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ৮০ জনের বেশি। এ ছাড়া কয়েকজন এখনো নিখোঁজ রয়েছেন।

এক প্রতিবেদনে আল জাজিরা জানিয়েছে, সোমবার (২০ জুলাই) নুরিস্তানের প্রধান শহর পারুনে হঠাৎ বন্যার পানি ঢুকে পড়ে। এতে বহু বাড়িঘর, হোটেল ও দোকানপাট ধ্বংস হয়ে যায়।

আফগানিস্তানের জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (এএনডিএমএ) জানিয়েছে, এখন পর্যন্ত ২০ জনের লাশ উদ্ধার করা হয়েছে।

কর্তৃপক্ষ জানায়, মৃতদের মধ্যে পারুন ও নুরিস্তানের অন্যান্য এলাকার বাসিন্দারা রয়েছেন। নিখোঁজদের মধ্যে প্রাদেশিক রাজধানীর মেয়র

এবং কয়েকজন সরকারি কর্মচারীও আছেন বলে গভর্নরের কার্যালয় জানিয়েছে।

নিখোঁজদের খুঁজে বের করতে এবং মরদেহ উদ্ধারে প্রাদেশিক দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের সদস্যরা উদ্ধার অভিযান চালিয়ে যাচ্ছেন।

স্থানীয় বেসরকারি সংস্থা শপৌল□র প্রধান আশিকুল্লাহ সাফি বার্তা সংস্থা এএফপিকে বলেন, বন্যায় পারুন পৌর এলাকা প্রায় পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। প্রবল স্রোত শহরে বড় বড় পাথর ও ধ্বংসস্তূপ ছড়িয়ে দিয়েছে। পর্যাপ্ত সরঞ্জাম না থাকায় স্থানীয় বাসিন্দারা নিজেরাই ধ্বংসস্তূপে নিখোঁজদের খোঁজার চেষ্টা করছেন।

প্রতিবছর বর্ষা মৌসুমে নুরিস্তান প্রদেশে বন্যা দেখা দিলেও এবার ক্ষয়ক্ষতির পরিমাণ অনেক বেশি। আফগানিস্তান, পাকিস্তান ও ভারতের মতো দক্ষিণ এশিয়ার দেশগুলো জলবায়ু পরিবর্তনের কারণে চরম আবহাওয়ার ঝুঁকিতে রয়েছে।

চলতি বছরের জুন থেকে শুরু হওয়া বর্ষায় দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশে ভারী বৃষ্টি, বন্যা ও ভূমিধসে ব্যাপক প্রাণহানি হয়েছে। সোমবার ভারতের উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলে বন্যা ও ভূমিধসে অন্তত ২৫ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে প্রতিবেশী নেপালে বন্যা, ভূমিধস ও বজ্রপাতে জুনের মাঝামাঝি থেকে এখন পর্যন্ত ২৭ জন নিহত, একজন নিখোঁজ এবং ৬৯ জন আহত হয়েছেন।

আফগানিস্তানের পরিবেশ সংরক্ষণ সংস্থার প্রধান মাওলভি মাতিউল হক খালিস সম্প্রতি সতর্ক করে বলেছেন, দেশে বন্যার ঘটনা বেড়ে গেছে এবং পরিবেশগত সংকট মানবিক বিপর্যয়কে আরও গভীর করছে।


---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই □নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে□ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**

ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



### হরমুজকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



### ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/afganistane-aksmik-bnjay-20-jner-niht